# কী সেবা কীভাবে পাবেন

কন্টেন্ট: পাতা

নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোল (গউএ) এবং দারিদ্র বিমোচন কৌশল পত্র (চজঝচ) এর আলোকে নারী উন্নয়নে বিভিন্ন রাজস্ব ও উন্নয়ন কার্যক্রম ও কর্মসূচী গ্রহন ও বাসত্মবায়নে জেলা মহিলা বিষয়ক কার্যালয় থেকে প্রদেয় বিভিন্ন সেবা ও কর্মসূচীসমূহের বিবরণঃ

| **ক্রঃ নং** | **কার্যক্রম** | **সেবার ধরণ** | **সেবা গ্রহনকারী ব্যক্তি/সংস্থা** | **সেবার স্থান** | **সেবা প্রাপ্তির সময় সীমা** | **সেবাদানকারী কর্তৃপক্ষ** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|---|
| **০১** | **০২** | **০৩** | **০৪** | **০৫** | **০৬** | **০৭** | **০৮** |
| ০১ | বৃত্তিমূলক প্রশিক্ষন কার্যক্রম | বিভিন্ন ধরনের আয়বর্ধক বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষনের মাধ্যমে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা করা। প্রধান কার্যালয়ে বিভিন্ন ট্রেড প্রশিক্ষন সহ জেলা/উপজেলা পর্যায়ে প্রশিক্ষন যেমন- সেলাই দর্জি বিদ্যা বিষয়ক প্রশিক্ষন প্রদান। | দেশের দুঃস্থ দরিদ্র নারী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বুড়িচং, কুমিল্লা | আবেদনের পর ১৫-৩০ দিনের মধ্যে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বুড়িচঙ, কুমিল্লা | নির্ধারিত আসন শূন্য সাপেক্ষে। |
| ০২ | আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচী | ভিডব্লিউবি কার্রযক্রমের আওতায় দরিদ্র সীমার নিচে বসবাসকারী মহিলাদের খাদ্য নিরাপত্তা সহ প্রশিক্ষন প্রদান ও আয়বর্ধক কর্মসূচীতে তাদের জড়িতকরণ। এই কার্যক্রমের অধীনে ভিডব্লিউবি কার্ডধারী মহিলাদেরকে ক) দুই বছর ধরে খাদ্য ও আর্থিক সুবিধা প্রদান করা হয়। খ) আয়বর্ধক সচেতনতা বিষয়ক প্রশিক্ষন দেয়া হয়, গ) ভিডব্লিউবি চক্র শেষে প্রশিক্ষন প্রাপ্ত | দারিদ্র পীড়িত ও দুঃস্থ গ্রামিন মহিলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, | ৬ মাস | উপজেলা বিষয়ক কর্মকর্তা | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মহিলাদের ঋণ সুবিধা প্রদান করা।<br>(ঘ) প্রতি মাসে উপকারভোগীগণ স্ব স্ব হিসাবে ২২০/- টাকা হারে সঞ্চয় জমা রাখবেন এবং চক্রশেষে তা ফেরত দেয়া হবে। | | | | | |
| | | মা ও শিশু সহায়তা কর্মসূচীর অধীনে গ্রামেরও শহরের দরিদ্র গর্ভবতী মায়েদের মাসিক ৮৫০/- টাকা হারে ৩ বৎসর মেয়াদে ভাতা প্রদান করা হয়। এছাড়া সন্তান প্রসবের পর মা ও শিশুর স্বাস্থ্য সেবার ব্যবস্থা করা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়ে থাকে। | দরিদ্র গর্ভবতী মহিলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এবং নির্বাচিত এন জি ও প্রতিনিধি | আবেদনের পর ১৫-৩০ দিনের মধ্যে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা | |
| | | | | | | | |
| | | ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় দুঃস্থ অসহায় ও প্রশিক্ষিত নারীদের আত্নকর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্রঋঋণ প্রদান করা। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন কর্মসূচীর আওতায় ২৫,০০০ থেকে ৭৫.০০০ (পঁৎচাত্তর) হাজার টাকা পর্যন্ত সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতাদের মূল টাকার সঙ্গে শুধুমাত্র ৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হয়। | কর্মক্ষম প্রশিক্ষন প্রাপ্ত দরিদ্র নারী। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বুড়িচং, কুমিল্লা | আবেদন প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে ঘূর্ণায়মান ঋণ এবং বরাদ্দকৃত ঋণ ২ মাসের মধ্যে বিতরন করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৩ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয়ভাবে নারী ও শিশু নির্যাতন মূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহনের ব্যবস্থা করে থাকে। | নির্যাতিত নারী ও শিশু | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বুড়িচং, কুমিল্লা | আবেদন এবং অবহিত হওয়ার প্রেক্ষিতে তাৎক্ষণিক ভাবে পদক্ষেপ গ্রহন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা | |
| ০৪ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন | উন্নয়ন কর্মসূচীকে আরও ব্যপৃত এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করা লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন প্রদান করা। | সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সমিতি | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বুড়িচং, কুমিল্লা | আবেদন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে নিবন্ধন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা | নিবন্ধনের শর্তপূরণ সাপেক্ষে |
| ০৫ | বাংলাদেশ মহিলা কল্যান পরিষদ (বামকপ) | মহিলাদের আত্ন কর্মসংস্থান ও উন্নয়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত সক্রিয় মহিলা সংগঠন সমূহকে আবেদনের ভিত্তিতে বছরে এক বার ৫০০০/- (পাঁচ হাজার) থেকে ২৫.০০০ (পচিঁশ হাজার টাকা পর্যন্ত আর্থিক অনুদান দেয়া হয়। এ সকল সমিতির আয়বর্ধক কার্যক্রমের ধরন ও যোগ্যতা অনুসারে অনুদানের পরিমান নির্ধারিত হয়। উল্লেখ্য প্রতিবছর প্রতি জেলায় ২ টি শ্রেষ্ঠ সমিতিকে ২৫.০০০/- (পচিঁশ হাজার ) টাকা বিশেষ অনুদান প্রদান করা হয়। | নিবন্ধীকৃত মহিলা স্বেচ্ছাসেবী সমিতি | প্রধান কার্যালয়, জেলা / উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | আবেদনের প্রেক্ষিতে ২ মাসের মধ্যে | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৬ | সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতামূলক কার্যক্রম | নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে বিভিন্ন জন সচেতনতা মূলক কার্যক্রম গ্রহন যেমন- জাগরনী পদযাত্রা, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ, জন্ম নিবন্ধন ও বিবাহ নিবন্ধনেউদ্‌বুদ্ধকরণ এইচ আই ভি ( এইডস) প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি সহ নারী অধিকার রক্ষায় ঈঊউঅড সনদ বাস্তবায়ন সহ বিভিন্ন দিবস পালন করা হয় । এছাড়া মহিলা উন্নয়ন সমন্বয় সভা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা, নিয়মিত প্রতিবেদন প্রস্‌ত্তত ও বিতরন করা। আন্তর্জাতিক বিভিন্ন সভার জন্য চাহিত তথ্যাদি প্রস্‌ত্তত ও বিতরন । | দেশের সকল জনগোষ্ঠি | প্রধান কার্যালয়, জেলা / উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | বছরব্যাপী ও দিবস অনুযায়ী | মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। | |